



🏠 মূল পাতা 📧 বোধ্যোগ 📞 লগ-ইন করুন 👤 নিবন্ধিত হোন

ঢাকা, বৃহস্পতিবার, ২০ মার্চ ২০০৮, ৬ টিএ ১৪১৪, ১১ রবিউল আউয়াল ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ১০৪, আপডেট: বাংলাদেশ রাত ৩টা ১৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর

🗨️ ফিচার পাতা

- ▶ আনন্দ

সারা দেশ

➕ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

কক্সবাজারে পর্যটকদের নিরাপত্তায় গঠন হচ্ছে ট্যুরিস্ট পুলিশ

নিজস্ব প্রতিবেদক, কক্সবাজার

কক্সবাজার সমুদ্রসৈকতে পর্যটকদের নিরাপত্তার পাশাপাশি সৈকত এলাকায় পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে গঠন করা হচ্ছে 'ট্যুরিস্ট পুলিশ'। ইউএনডিপির কারিগরি সহযোগিতায় ২০ মার্চ থেকে পুলিশের এ কার্যক্রম চালু হচ্ছে। ইতিমধ্যে দায়িত্বপ্রাপ্তদের প্রশিক্ষণ ও যন্ত্রপাতি স্থাপনের কাজ শুরু হয়েছে।

কক্সবাজারের পুলিশ সুপার বনজ কুমার মজুমদার প্রথম আলোকে জানান, প্রতিবছর মৌসুমের চার-পাঁচ মাসে সমুদ্রসৈকতে ১০ লাখের বেশি পর্যটক আসে। জেলা পুলিশের সল্প জনবল ও সরঞ্জাম দিয়ে বিপুলসংখ্যক পর্যটককে সামাল দেওয়া সম্ভব হয় না। এ কারণে আলাদা ট্যুরিস্ট পুলিশ করা হচ্ছে।

পুলিশ সুপার বলেন, কক্সবাজারের সোনাদিয়া ও ইনানীকে বিশেষ পর্যটনপল্লী (এক্সক্লুসিভ জোন) করার প্রক্রিয়া চলছে। মহেশখালীতে গভীর সমুদ্র বন্দর হচ্ছে। রামু হয়ে মিয়ানমারের সঙ্গে এশিয়ান হাইওয়ে হচ্ছে। এতে কক্সবাজারের গুরুত্ব আরও বেড়ে যাবে। ভবিষ্যৎ নিরাপত্তার বিষয়টি মাথায় রেখে ট্যুরিস্ট পুলিশ গঠন করার জন্য গত ডিসেম্বরে পুলিশ সদর দপ্তরে প্রস্তাব পাঠানো হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, পর্যটকদের নিরাপত্তায় ট্যুরিস্ট পুলিশের কার্যক্রম প্রথম দফায় মহেশখালীর সোনাদিয়া থেকে উখিয়ার ইনানী সৈকত পর্যন্ত ৪০ কিলোমিটার এলাকায় সীমাবদ্ধ রাখা হবে। পরে সেন্টমার্টিন দ্বীপ পর্যন্ত আরও ৮৯ কিলোমিটার এলাকায় সম্প্রসারণ করা হবে।

সূত্র আরও জানায়, ৪০ কিলোমিটার এলাকার নিরাপত্তা নিশ্চিত করতে মহেশখালীর আদিনাথ মন্দিরের পাহাড়চূড়া, কক্সবাজার সৈকতের ডায়াবেটিক পয়েন্ট, সৈকত পুলিশ ফাঁড়ি, কলাতলী পয়েন্ট, হিমছড়ি পুলিশ ফাঁড়ি ও ইনানী সৈকতে ছয়টি পর্যবেক্ষণ কেন্দ্র বা টৌকি করা হবে। উত্তর ও দক্ষিণ-এ দুটি এলাকায় ভাগ করে পুলিশের ১৯২ সদস্যকে এ কার্যক্রমে সম্পৃক্ত করা হবে।

ট্যুরিস্ট পুলিশের কার্যক্রম চালু নিয়ে গতকাল সোমবার সকাল ১০টায় কক্সবাজার সৈকতের লাবণী পয়েন্টে সৈকত

▶ আলোকিত চট্টগ্রাম

বিশেষ প্রতিবেদন

এসএসসি পরীক্ষার্থীদের
জন্য বিশেষ সংখ্যা

- ⊗ আরো যা আছে
- ⊗ সকল ফিচার পাতা
- ⊗ পুরনো সংখ্যা
- ⊗ আমাদের কথা
- ⊗ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন
২১৭৯৪৫
জন পাঠক



Buy Products
from Bangladesh

Visit
BANGLADESH

Top Job at IT Magnet
Chief Technology Officer

পুলিশ ফাঁড়িতে ইউএনডিপি, পুলিশ কর্মকর্তা, কমিউনিটি পুলিশ ও বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধিদের বৈঠক হয়। বৈঠক শেষে ইউএনডিপির বিশেষজ্ঞ মাইকেল সলটি জানান, 'লসএঞ্জেলস সৈকতের মতো কল্পবাজার সমুদ্রসৈকতের ট্যুরিস্ট পুলিশের জন্য আমরা আধুনিক সরঞ্জাম সরবরাহ করব।'

পুলিশ সংস্কার কর্মসূচির (পিআরপি) জনসংযোগ কর্মকর্তা ফরিদ আহমেদ জানান, সমুদ্রে গোসল করতে নেমে কোনো পর্যটক হারিয়ে গেলে উদ্ধারের ব্যবস্থা থাকবে। সামুদ্রে নিখোঁজ পর্যটকদের সন্ধান করতে আধুনিক দুরবিন, টাওয়ারে নাইটভিশন মনোকুলার স্থাপনসহ যাবতীয় সুবিধা রাখা হবে।

গতকালের বৈঠকে আরও উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার সাইফউদ্দিন, বেসরকারি সংস্থা পালসের চেয়ারম্যান আবু মোর্শেদ চৌধুরী, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ কে এম মহিউদ্দিন, জেলা কমিউনিটি পুলিশের সভাপতি মোস্তাক আহমদ ও উদয় শংকর পাল মিঠু।

+ সংবাদ শিরোনাম

⊗ প্রিন্ট করুন

? বাংলা না এলে